Consumer and Worker Protection

উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (DEPARTMENT OF CONSUMER AND WORKER PROTECTION, DCWP) লাইসেন্সিং কেন্দ্র
42 Broadway, Lobby
New York, NY 10004

কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30–এ

NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র
90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435

কেবলমাত্র নিম্নলিখিত সময়ে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে:

সোমবার-বৃহস্পতিবার: সকাল 8টা – বিকেল 4টে
অ্যাপয়েন্টমেন্টের শেষ সময়: বিকেল 3:30–এ

**ব্যক্তিগত পরিষেবা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট দ্বারা**

DCWP লাইসেন্সিং সেন্টার এবং NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রতে ব্যক্তিগতভাবে আপনার লাইসেন্সের আবেদন জমা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে। আবেদন **জমা দেওয়ার প্রক্রিয়া বিভাগটি** দেখুন।

*দ্রষ্টব্য:* সশরীরে প্রাপ্য পরিষেবা যেহেতু সীমিত, তাই আমরা আপনাকে আমাদের অনলাইন পরিষেবা ব্যবহার করার জন্য উৎসাহ দিচ্ছি। পরিষেবাটি **nyc.gov/BusinessToolbox**–তে 24/7 উপলব্ধ।

# টো ট্রাক ড্রাইভার লাইসেন্স আবেদনের চেকলিস্ট

## কার একটি টো ট্রাক ড্রাইভার লাইসেন্স থাকতে হবে?

আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে প্রত্যক্ষ বা পরোক্ষ ক্ষতিপূরণের জন্য অন্য মোটর গাড়ির দ্বারা দুর্ঘটনায় জড়িত অক্ষম, বেআইনিভাবে পার্ক করা, বা পরিত্যক্ত মোটর যান বা যানবাহন সরিয়ে নেন তাহলে আপনার কাছে অবশ্যই একটি টো ট্রাক ড্রাইভার লাইসেন্স থাকতে হবে।

আবেদন করার জন্য, আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে।

এই বিবরণটি কার কাছে টো ট্রাক ড্রাইভার লাইসেন্স থাকতে হবে তার শুধুমাত্র একটি সাধারণ ব্যাখ্যা।

## একটি টো ট্রাক ড্রাইভার লাইসেন্সের জন্য আবেদন করার প্রয়োজনীয়তার দ্রুত তালিকা

*বিস্তারিত বর্ণনার জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। নিশ্চিত করুন যে আপনি সব প্রয়োজনীয়তাগুলি মিটিয়েছেন; নয়ত, আপনার আবেদন অসম্পূর্ণ থাকবে। লাইসেন্স ইস্যু করার জন্য DCWP কেবলমাত্র সম্পূর্ণ আবেদন গ্রহণ করতে পারে।*

- ☐ সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন
- ☐ বর্তমান ড্রাইভার লাইসেন্স
- ☐ বৈধ ড্রাইভার লাইসেন্সের প্রত্যয়িত প্রমাণ (*যদি প্রযোজ্য হয়*)
- ☐ লাইসেন্স আবেদনকারীর পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি
- ☐ আঙুলের ছাপ এবং প্রক্রিয়াকরণ ফি
- ☐ কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation) (*প্রযোজ্য হলে তবে*)
- ☐ লাইসেন্স মূল্য

*আপনার আবেদন জমা করার মাধ্যমে আপনার লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে অনুমোদিত  হয় না।*

## আপনার যে অতিরিক্ত সিটি বা স্টেট পারমিট/লাইসেন্স/ক্লিয়ারেন্স প্রয়োজন হতে পারে

আপনার ব্যবসা যদি প্রত্যক্ষ বা পরোক্ষ ক্ষতিপূরণের জন্য অন্য মোটর গাড়ির দ্বারা দুর্ঘটনায় জড়িত অক্ষম, অবৈধভাবে পার্ক করা, বা পরিত্যক্ত মোটর যান বা যানবাহন সরানো বা সরিয়ে দেয় তবে আপনার অবশ্যই একটি DCWP *টো ট্রাক কোম্পানি* লাইসেন্স থাকতে হবে।

## আবেদন জমা দেওয়ার প্রক্রিয়া



অনলাইনে আপনার আবেদন জমা দিতে www.nyc.gov/BusinessToolbox-এ যান।

অথবা



DCWP লাইসেন্সিং কেন্দ্রে অথবা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রে সশরীরে জমা দিতে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন (1 নং পৃষ্ঠাতে ঠিকানা দেওয়া আছে)।

**ইমেলের মাধ্যমে:** LicensingAppointments@dcwp.nyc.gov
**ফোনের মাধ্যমে*:** (212) 436-0441 নম্বরে ফোন করুন। (সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4টে)

*এই নম্বরটি কেবলমাত্র সশরীরে পরিষেবা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করার জন্য। সাধারণ প্রশ্নের জন্য onlineappsdocs@dcwp.nyc.gov–এ ইমেল করুন।

*ওই স্থানে বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা উপলভ্য রয়েছে।* একটি বিকলাঙ্গতা-সম্পর্কিত বাসস্থানের অনুরোধের জন্য অনুগ্রহ করে DCWP-এর প্রতিবন্ধী আমেরিকান আইন (Americans with Disabilities Act, ADA)সমন্বয়কারীকে **DCWPADACoordinator@dcwp.nyc.gov** এ ইমেল করুন অথবা **nyc.gov/dcwp** দেখুন

## প্রয়োজনীয়তা

**আপনি এই প্রয়োজনীয় নথিপত্র এবং তথ্য জমা না করলে DCWP আপনার আবেদন খারিজ করে দেবে:**

- **সাধারণ ব্যক্তিগত লাইসেন্সের আবেদন** (সংযুক্ত)।
- **বর্তমান ড্রাইভিং লাইসেন্স।**
  আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে এবং একটি বৈধ নিউ ইয়র্ক স্টেট ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে উপযুক্ত "W" অনুমোদন সহ (টো ট্রাক অপারেটর অনুমোদন)।

  ***আপনি যদি অন্য রাজ্যের বাসিন্দা হন এবং আপনার কাছে নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভিং লাইসেন্স না থাকে:***
  আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে এবং আপনার কাছে একটি বৈধ এবং বর্তমান স্টেটের বাইরের ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে যা একটি ড্রাইভিং লাইসেন্সের সমতুল্য যোটি কাউকে নিউ ইয়র্ক স্টেটে একটি টো ট্রাক চালানোর অনুমতি দেয়।

একটি বৈধ ড্রাইভিং লাইসেন্সের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রয়োজনীয়তা সম্পর্কে তথ্যের জন্য, অনলাইনে https://dmv.ny.gov/−তে মোটর যানবাহন বিভাগ দেখুন

*দ্রষ্টব্য:* আপনি যদি নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হন, তবে রাজ্যের আইন অনুযায়ী আপনাকে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হওয়ার 30 দিনের মধ্যে একটি নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভিং লাইসেন্স পেতে হবে।

- **বৈধ ড্রাইভিং লাইসেন্সের প্রত্যয়িত প্রমাণ (যদি প্রযোজ্য হয়)।**
  আপনি যদি নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা না হন এবং আপনার কাছে অন্য রাজ্যের একটি বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকে আপনাকে অবশ্যই মোটর যানবাহন রাজ্য বিভাগ থেকে যেটি আপনার লাইসেন্স জারি করেছে গত 30 দিনের মধ্যে জারি করা আপনার ড্রাইভিং রেকর্ডের একটি প্রত্যয়িত অ্যাবস্ট্রাক্ট জমা দিতে হবে যা প্রমাণ করে যে লাইসেন্সটি বৈধ এবং সম্পূর্ণরূপে কার্যকর।

  *দ্রষ্টব্য:* আপনার লাইসেন্সটি বৈধ এবং সম্পূর্ণরূপে কার্যকর রয়েছে তা প্রদর্শন করার জন্য আপনাকে পর্যায়ক্রমে অ্যাবসট্রাক্টস বা অন্যান্য প্রমাণ জমা দেওয়ার প্রয়োজন হতে পারে।

- **লাইসেন্স আবেদনকারীর পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি।**

  *সশরীরে:* DCWP লাইসেন্সিং সেন্টার এবং NYC ক্ষুদ্র ব্যবসা সেন্টারে বিনা খরচে লাইসেন্স আবেদনকারীদের ছবি তুলবে। আবেদনকারী পাসপোর্ট সাইজের একটি সাম্প্রতিক রঙিন ছবি জমাও দিতে পারে।

  *অনলাইন:* লাইসেন্সের আবেদনকারীরা ডিজিটাল পাসপোর্ট-ফটো মানের একটি ইমেজ ফাইল আপলোড করতে পারেন। 1 মেগা-পিক্সেল রেজোলিউশনসহ একটি ডিজিটাল ক্যামেরা যথেষ্ট।

- **আঙুলের ছাপ এবং প্রক্রিয়াকরণ ফি।**
  টো ট্রাক চালকের আবেদনকারীদের অবশ্যই আঙুলের ছাপ নেওয়ার জন্য IdentoGO এর সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে:

  - **https://uenroll.identogo.com** দেখুন
  - প্রবিষ্ট করুন:
    - **পরিষেবা কোড।** 1585N7 প্রবিষ্ট করুন
    - **এজেন্সি ID।** শুধুমাত্র অ্যাপ্লিকেশন নম্বর থেকে নম্বর লিখুন। আপনি যখন অনলাইনে আবেদন করেন তখন আবেদন নম্বর আপনার রসিদ বা নিশ্চিতকরণ পত্রে থাকে। *উদাহরণ: আবেদন নম্বর 1234567-2023-AHIC এর জন্য, এজেন্সি ID হিসাবে শুধুমাত্র 12345672023 লিখুন।*
  - নির্দেশাবলী অনুসরণ করুন এবং প্রয়োজনীয় ফি প্রদান করুন।

  **গুরুত্বপূর্ণ:**

  - কারো আঙ্গুলের ছাপ নেওয়ার প্রয়োজন হলে এই প্রয়োজনীয়তাটি সম্পূর্ণ করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা উচিত।

- **প্রযোজ্য হলে, কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি (Granting Authority to Act Affirmation)** (সংযুক্ত)।
  এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়।

  *দ্রষ্টব্য:* আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

- **লাইসেন্সের মূল্য।**

| **লাইসেন্সের সময়সীমা:**<br>2 বছর | **মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ:**<br>অক্টোবর 31<br>জোড় বছর | **লাইসেন্সের মূল্য:** | |
|---|---|---|---|
| **আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:** | | **বিকল্প 1** | **বিকল্প 2** |
| একটি জোড় বছরের 1 নভেম্বর থেকে<br>একটি বিজোড় বছরে 30 এপ্রিল পর্যন্ত | | পরবর্তী জোড় বছরের 31 অক্টোবরে মেয়াদ শেষ হওয়া লাইসেন্সের জন্য **$20** প্রদান করুন ।<br>*(সর্বাধিক 24 মাসের জন্য বৈধ।)* | |
| একটি বিজোড় বছরে 1 মে থেকে<br>একটি বিজোড় বছরে 31শে অক্টোবর পর্যন্ত | | শীঘ্রই আসা জোড় বছরের 31 অক্টোবরে মেয়াদ শেষ হওয়া লাইসেন্সের জন্য **$15** প্রদান করুন ।<br>*(সর্বাধিক 18 মাসের জন্য বৈধ।)* | |
| একটি বিজোড় বছরের 1 নভেম্বর থেকে<br>একটি জোড় বছরের 30 এপ্রিল পর্যন্ত | | শীঘ্রই আসা বা একই বছরের 31 অক্টোবরে মেয়াদ শেষ হওয়া লাইসেন্সের জন্য **$10** প্রদান করুন।<br>*(সর্বাধিক 12 মাসের জন্য বৈধ।)* | |
| একটি জোড় বছরের 1 মে থেকে<br>একটি জোড় বছরের 31 অক্টোবর পর্যন্ত | | একই জোড় বছরের 31শে অক্টোবরে মেয়াদ শেষ হওয়া লাইসেন্সের জন্য **$5** প্রদান করুন ।<br>*(সর্বাধিক 6 মাসের জন্য বৈধ।)* | পরের জোড় বছরের 31 অক্টোবরে মেয়াদ শেষ হওয়া লাইসেন্সের জন্য **$25** প্রদান করুন।<br>*(সর্বাধিক 30 মাসের জন্য বৈধ।)* |

অর্থ প্রদানের মাধ্যম:

- DCWP-কে প্রদেয় চেক অথবা মানি অর্ডার। *(সশরীরে)*
- ক্রেডিট কার্ড (Visa, MasterCard, American Express, Discover Card)।
  আপনার থেকে একটি ফেরতের অযোগ্য কনভেনিয়েন্স মূল্য নেওয়া হবে। *(সশরীরে বা অনলাইনে)*

## টো ট্রাক চালকদের জন্য অতিরিক্ত সম্পদ

- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় সহায়তাকারী সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।
- **ঠিকানা পরিবর্তন**
  পরিবর্তনের 10 দিনের মধ্যে আপনাকে অবশ্যই DCWP-কে আপনার বাসস্থানের পরিবর্তন সম্পর্কে লিখিতভাবে জানাতে হবে।